



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd



স্মারক নং ৫৭.১৭.০০০০.২০৩.৩৫.০০২.১২-৩০৯০

তারিখ : ২৭-১১-২০১৮ খ্রিঃ

বিষয়: ঢাকা শহরের ট্রাফিক ব্যবস্থাপনার উন্নয়নের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং ৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০৩৪.১৭-৮৫২ তাং ১৪-১১-২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ঢাকা শহরের ট্রাফিক ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কর্তৃক গত ১৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত নিম্নোক্ত সিদ্ধান্তসমূহের আলোকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অ্যাফিলিয়েশন প্রাপ্ত সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয়েছে।

সিদ্ধান্তসমূহ:

১. প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানকে ট্রাফিক সার্কুলেশন প্ল্যান প্রস্তুত করতে হবে।
২. Traffic Circulation Plan নোটিশ বোর্ডে/প্রকাশ্য স্থানে টানানো থাকবে এবং এ সম্পর্কে সবাইকে অবগত করতে হবে।
৩. শিক্ষক/কর্মচারীর সহায়তায় দিনের শুরু এবং শেষে প্রতিষ্ঠানে প্রবেশ এবং বের হওয়ার সময় শিক্ষার্থীরা এই নির্দেশনা অনুসরণ করেছে কি না তা নিশ্চিত করবে।
৪. প্রতিমাসে ১ দিন রাস্তা পারাপারের মহড়া অনুষ্ঠিত করা যেতে পারে।
৫. এ কর্মপরিকল্পনায় সংশ্লিষ্ট এলাকার ট্রাফিক পুলিশের সহযোগিতা নেয়া যেতে পারে।

বর্ণিত অবস্থায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর আওতাধীন ঢাকা শহরস্ত সকল স্তরের কারিগরি প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট ও পরিচালনা কমিটিকে অনুরোধ করা হল।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনাক্রমে
স্বাক্ষরিত

(ড. মোঃ নূরুল ইসলাম)
পরিচালক (কারিকুলাম)

- প্রাপক: ১) অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ঢাকা শহরস্ত সকল স্তরের প্রতিষ্ঠান।
২) সভাপতি/সদস্যবৃন্দ- পরিচালনা কমিটি (গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি ও অন্যান্য)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ঢাকা শহরস্ত সকল স্তরের প্রতিষ্ঠান।

স্মারক নং ৫৭.১৭.০০০০.২০৩.৩৫.০০২.১২-৩০৯০(০৯)

তারিখ: ২৭-১১-২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. জেলা প্রশাসক, সকল জেলা।
২. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (আপনাকে পত্রখানা বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।)
৮. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সংরক্ষণ নথি।

(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)
কারিকুলাম বিশেষজ্ঞ (ভোকেশনাল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।